গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

স্মারক নং-৪৫.০০.০০০০.১৪৩.০৬.০০১.২০- ১৮৭

তারিখ: ৩০ কার্তিক ১৪২৭ / ১৫ নভেম্বর ২০২০

বিষয়ঃ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে গত ২৯.১০.২০২০ তারিখ অনুষ্ঠিত স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী এতদসংগে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)। সমন্বয় সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির/গৃহীত কার্যক্রমের হালনাগাদ তথ্যাদি আগামী ১৭.১১.২০২০ তারিখের মধ্যে হার্ডকপি ও সফটকপি আকারে (ই-মেইল-monitor@hsd.gov.bd) নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(উর্মি তামান্না)
উপসচিব
ফোন: ৯৫৪০৩৬২
monitor@hsd.gov.bd

বিতরণঃ

১. অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩. মহাপরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, তোপখানা রোড, ঢাকা
৪. মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৫. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৬. যুগ্মসচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৭. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা
৮. অতিরিক্ত প্রধান প্রকৌশলী (স্বাস্থ্য উইং), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা
৯. চিফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা
১০. সিভিল সার্জন, বাংলাদেশ সচিবালয় ক্লিনিক, ঢাকা
১১. ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

বিষয়: অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের সংগে স্বাস্থ্য সেবা বিভাগ এর অক্টোবর/২০২০ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : মো. আবদুল মান্নান
সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ-৩৩২, ভবন-৩)
তারিখ ও সময় : ২৯.১০.২০২০ খ্রিঃ, দুপুর: ০২:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা **পরিশিষ্ট-'ক'** তে সন্নিবেশিত।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভার শুরুতেই সভাপতি অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের সংগে স্বাস্থ্য সেবা বিভাগের সমন্বয় সভার গুরুত্ব তুলে ধরে বলেন যে, স্বাস্থ্য সেবা বিভাগের পরিধি ব্যাপক এবং সময় সীমাবদ্ধ হওয়ায় অভ্যন্তরীণ এবং অধিদপ্তর/দপ্তর/সংস্থার সংগে একটি সভায় সকল সমস্যা অবগত হওয়া বা আলোচনা করা সম্ভব হয়ে ওঠেনা। এ কারণে এবারই প্রথম সমন্বয় সভা দু'টি ভাগে অনুষ্ঠিত হচ্ছে। এর ফলে প্রত্যেক মাসে অন্তত: একবার বিভিন্ন অধিদপ্তর/দপ্তরের উল্লেখযোগ্য কার্যক্রম, বিভিন্ন সমস্যা ও চ্যালেঞ্জসমূহ সরাসরি পর্যালোচনা করা সম্ভব হবে। এ প্রসঙ্গে সমন্বয় সভায় প্রতিনিধির পরিবর্তে অধিদপ্তর/দপ্তর/সংস্থার প্রধানগণের বিনা ব্যর্থতায় উপস্থিত থাকার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) আলোচ্যসূচি মোতাবেক সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২. সভায় উপস্থিত সদস্যগণের সর্বসম্মতিক্রমে গত ২৭.০৯.২০২০ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

৩. গত ২৯.১০.২০২০ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও অন্যান্য বিষয়ে নিম্নরুপ আলোচনা, পর্যালোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.১	**নিষ্পন্ন-অনিষ্পন্ন বিষয়:** সভাপতি সকল অধিদপ্তর/দপ্তরকে নিষ্পন্ন-অনিষ্পন্ন ছকের তথ্য সঠিকভাবে প্রদান করার জন্য নির্দেশনা প্রদান করেন। গত সেপ্টেম্বর মাসে পত্র-প্রাপ্তির থেকে নিষ্পত্তি বেশি হওয়ায় স্বাস্থ্য অধিদপ্তর এবং বিগত মাসে আগত সকল পত্র নিষ্পত্তি করায় স্বাস্থ্য অর্থনীতি ইউনিট-কে তিনি ধন্যবাদ জানান। তিনি ঔষধ প্রশাসন অধিদপ্তরকে পত্র নিষ্পত্তির বিষয়ে আরও কার্যকর ভূমিকা রাখার জন্য অনুরোধ জানান। নথি নিষ্পত্তি, পত্র জারী এবং দপ্তরের সকল কার্যক্রমে প্রমীত বাংলা ভাষার যাতে ব্যত্যয় না ঘটে সেদিকে সকলকে নজর দিতে বলেন।	ক) সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা কর্তৃক নিষ্পন্ন-অনিষ্পন্ন ছকের তথ্য সঠিকভাবে প্রদান করতে হবে। খ) প্রত্যেক মাসের ১০ তারিখের মধ্যে নিষ্পন্ন-অনিষ্পন্নসহ সমন্বয় সভার সকল তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। গ) ঔষধ প্রশাসন অধিদপ্তরকে পত্র নিষ্পত্তির বিষয়ে কার্যকর ভূমিকা রাখতে হবে। ঘ) নথি নিষ্পত্তি, পত্র জারী এবং দপ্তরের সকল কার্যক্রমে প্রমীত বাংলা ভাষার ব্যবহার দপ্তর প্রধানগণ নিশ্চিত করবেন।	সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা
৩.২	**পরিদর্শন:** সভাপতি যুগ্মসচিব পর্যায়ের কর্মকর্তাদের নিয়মিত মেডিকেল কলেজ হাসপাতাল ও বিশেষায়িত হাসপাতালগুলো পরিদর্শনের বিষয়ে তাগিদ দেন। তিনি হাসপাতালের পরিচালকগণ কিভাবে তাদের কার্য সম্পাদন করে তা প্রত্যক্ষ করার জন্য এবং প্রযোজ্য ক্ষেত্রে পরিদর্শনকারী কর্তৃক	(ক) যুগ্মসচিব পর্যায়ের কর্মকর্তাগণ নিয়মিত মেডিকেল কলেজ হাসপাতাল ও বিশেষায়িত হাসপাতালগুলো পরিদর্শন করবেন। (খ) অধিদপ্তর/দপ্তর প্রধান ও পরিচালকগণ	যুগ্ম-সচিব (সকল), সকল অধিদপ্তর/ দপ্তর/সংস্থা

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার বিষয়ে গুরুত্বারোপ করেন। সভাপতি অধিদপ্তর/দপ্তর প্রধান ও পরিচালকদের নিজের দপ্তর/বিভাগ এবং অধীনস্থ ইউনিট/অফিস পরিদর্শন করতে নির্দেশনা প্রদান করেন।	নিজ নিজ দপ্তর/বিভাগ এবং অধীনস্থ ইউনিট/অফিস পরিদর্শন করবেন।	
৩.৩	**কোভিড-১৯:** স্বাস্থ্য অধিদপ্তর ও ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক কোভিড-১৯ জনিত মহামারী সংক্রান্ত বিষয়ে গৃহীত ব্যবস্থা সম্পর্কে সর্বশেষ অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়। সভাপতি 'নো মাস্ক নো সার্ভিস' নির্দেশনাটি বাস্তবায়নে সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা প্রধানদের অনুরোধ জানান। এছাড়া কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের মধ্যে ডেঙ্গু রোগের বিস্তার-এর ফলে জনসাধারণের এর মধ্যে এবং হাসপাতালগুলোতে বিশেষ সচেতনতা গ্রহণ করা প্রয়োজন বলে সভায় আলোচনা হয়। স্বাস্থ্য অধিদপ্তরের ড্যাশবোর্ডে কোভিড-১৯ এর লাইভ ডাটা সংযুক্ত করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। সভাপতি কোভিড সংক্রান্ত লাইভ ডাটা স্বাস্থ্য অধিদপ্তরের ড্যাশবোর্ডে সংযুক্ত করার নির্দেশনা প্রদান করেন।	ক) 'নো মাস্ক নো সার্ভিস' নির্দেশনাটি সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা প্রধানগণ নিজ নিজ দপ্তরে বাস্তবায়ন করবেন। খ) কোভিড সংক্রান্ত লাইভ ডাটা স্বাস্থ্য অধিদপ্তরের ড্যাসবোর্ডে সংযুক্ত করতে হবে। গ) কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের মধ্যে ডেঙ্গু রোগের বিস্তার-এর ফলে জনসাধারণের এর মধ্যে এবং হাসপাতালগুলোতে বিশেষ সচেতনতা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করতে হবে যা স্বাস্থ্য অধিদপ্তর মনিটরিং করবে।	সকল অধিদপ্তর/ দপ্তর/সংস্থা, স্বাস্থ্য অধিদপ্তর
৩.৪	**এপিএ/ জাতীয় শুদ্ধাচার কৌশল/ উদ্ভাবন বাস্তবায়ন:** সভাপতি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, জাতীয় শুদ্ধাচার কৌশল এবং স্বাস্থ্য সেবায় উদ্ভাবনের ক্ষেত্রে দপ্তর/ সংস্থাসমূহকে বিশেষভাবে নজর দেওয়ার জন্য বলেন। তিনি এ সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের বিষয়ে গুরুত্বারোপ করেন। তিনি শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা প্রধানকে নির্দেশনা দেন। তিনি বলেন, শুদ্ধাচার চর্চার মূল্যায়ন হলে সবাই এ উত্তম চর্চা করার বিষয়ে উৎসাহিত হবে।	ক) চলতি অর্থবছরে সকল অধিদপ্তর/ দপ্তর/ সংস্থার বার্ষিক কর্মসম্পাদন চুক্তির পারফরম্যান্স আরো ভালো করতে হবে। খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, জাতীয় শুদ্ধাচার কৌশল এবং স্বাস্থ্য সেবায় উদ্ভাবনের উপর প্রশিক্ষণ প্রদান করতে হবে। গ) সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা নিয়মিত শুদ্ধাচার পুরস্কার প্রদান করবে।	সকল অধিদপ্তর/ দপ্তর/ সংস্থা
৩.৫	**ই-ফাইলিং:** সভাপতি ই-ফাইলিংয়ের মাধ্যমে নথি উপস্থাপন ও নিষ্পত্তি করতে অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে নির্দেশনা প্রদান করেন। তিনি ই-ফাইলিংয়ের উপর পুন: রিফ্রেসার ট্রেনিং প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে উদ্যোগ নিতে নির্দেশনা প্রদান করেন।	ক) সকল অধিদপ্তর/ দপ্তর/ সংস্থা কর্তৃক ই-ফাইলিংয়ে নথি উপস্থাপন ও নিষ্পত্তি করতে হবে। খ) কর্মকর্তা-কর্মচারিদের জন্য ই-ফাইলিংয়ের উপর পুন: রিফ্রেসার ট্রেনিং-এর আয়োজন করতে হবে।	সকল অধিদপ্তর/ দপ্তর/ সংস্থা
৩.৬	**অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তিকরণ** : অতিরিক্ত সচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট) জানান যে, সকল অধিদপ্তর/দপ্তর/ সংস্থাসহ স্বাস্থ্য সেবা বিভাগের বর্তমানে ৮,১৭৫টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে যাতে অর্থের পরিমান প্রায় ৪,৬৬৬ কোটি টাকা। শুধু স্বাস্থ্য অধিদপ্তরের অডিট আপত্তি রয়েছে প্রায় ৩,০০০ কোটি টাকার। তিনি ক্রাস প্রোগ্রাম গ্রহণের মাধ্যমে অডিট আপত্তির দ্রুত নিষ্পত্তির নির্দেশনা প্রদান করেন। তিনি অডিট আপত্তির জবাব প্রদানের সময় প্রমাণক প্রদানের জন্য সকলকে অনুরোধ জানান। সভাপতি অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির জন্য প্রত্যেক অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে গুরুত্বের সাথে	ক) অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির জন্য প্রত্যেক অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে গুরুত্বের সাথে কাজ করতে হবে। খ) ক্রাস প্রোগ্রাম গ্রহণের মাধ্যমে দপ্তরসমূহকে অডিট আপত্তির দ্রুত নিষ্পত্তি করতে হবে।	সকল অধিদপ্তর/ দপ্তর/ সংস্থা

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	কাজ করতে বলেন।		
৩.৭	**স্বাস্থ্য অধিদপ্তর:** সভাপতি স্বাস্থ্য অধিদপ্তরের কাজে দৃশ্যমান পরিবর্তন আনয়ন করার বিষয়ে তাঁর অভিমত ব্যক্ত করেন। তিনি স্বাস্থ্য অধিদপ্তরের স্থলে 'স্বাস্থ্য সেবা অধিদপ্তর' নামকরণ করার বিষয়ে মত প্রকাশ করেন। তিনি বিদেশ থেকে আগত এবং দেশের বাইরে গমনেচ্ছুক কোভিড আক্রান্ত যাত্রীদের প্রাতিষ্ঠানিক কোরায়েন্টাইনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন। অতিরিক্ত সচিব (পরিকল্পনা) জানান যে, স্বাস্থ্য অধিদপ্তর ডিপিপি প্রণয়নে বিলম্ব করছে। সভাপতি ডিপিপি দ্রুত প্রণয়নের জন্য স্বাস্থ্য অধিদপ্তরকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করেন।	ক) স্বাস্থ্য অধিদপ্তরের নাম সংশোধন করে 'স্বাস্থ্য সেবা অধিদপ্তর' নামকরণ করার উদ্যোগ গ্রহণ করতে হবে। খ) বিদেশ থেকে আগত এবং দেশের বাইরে গমনেচ্ছুক কোভিড আক্রান্ত যাত্রীদের প্রাতিষ্ঠানিক কোরায়েন্টাইনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। গ) ডিপিপি দ্রুত প্রণয়নের জন্য স্বাস্থ্য অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	স্বাস্থ্য অধিদপ্তর/ পরিকল্পনা অনুবিভাগ
৩.৮	**ঔষধ প্রশাসন অধিদপ্তর :** সভাপতি ঔষধ প্রশাসন অধিদপ্তরকে কিভাবে আরো কার্যকর করা যায় সে বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান ও যুগ্মসচিব (প্রশাসন) কে নির্দেশনা প্রদান করেন।	ঔষধ প্রশাসন অধিদপ্তরকে আরো কার্যকর করতে হবে।	ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঔষধ প্রশাসন অনুবিভাগ/ যুগ্মসচিব (প্রশাসন)
৩.৯	**স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:** সভাপতি স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে একটি স্বস্তির জায়গা হিসেবে পরিণত করার পরামর্শ দেন। স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে জনগণের সহজে গমন এবং অনুযোগ/অভিযোগ জানানোর মত সেবা সহায়ক পরিবেশ সৃষ্টি করতে তিনি নির্দেশনা দেন।	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে আরও জনবান্ধব করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
৩.১০	**নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর:** সভাপতি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের মহাপরিচালকের দ্রুত সুস্থ্যতা কামনা করেন। নার্সদের বদলির ক্ষেত্রে যাতে সকল সরকারি বিধিবিধান অনুসরণ করা হয় সে বিষয়ে সতর্ক থাকার জন্য তিনি গুরুত্বারোপ করেন। তিনি জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে অতিরিক্ত মহাপরিচালকের শূন্য পদে দ্রুত পদায়নের জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি বলেন, অধিদপ্তরের এসে যাতে কেউ ভোগান্তির স্বীকার না হয়, সেদিকে মহাপরিচালকের সজাগ দৃষ্টি রাখতে হবে।	ক) নার্সদের বদলির ক্ষেত্রে সকল সরকারি বিধিবিধান অনুসরণ করতে হবে। খ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে অতিরিক্ত মহাপরিচালকের শূন্য পদে দ্রুত পদায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/ প্রশাসন অনুবিভাগ
৩.১১	**স্বাস্থ্য অর্থনীতি ইউনিট:** মহাপরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট জানান যে, পূর্বে জনবলের ঘাটতি ছিল, এখন নেই। তিনি টিমওয়ার্ক সন্তোষজনক বলে সভাকে অবহিত করেন।	স্বাস্থ্য অর্থনীতি ইউনিট এবং এর অধীনে জিএনএসপি ইউনিটের কাজের গতি অব্যাহত রাখতে হবে।	স্বাস্থ্য অর্থনীতি ইউনিট
৩.১২	**নিমিউ এন্ড টিসি:** নিমিউ এন্ড টিসি-এর কার্যক্রম সম্পর্কে জানতে চাওয়া হলে চিফ টেকনিক্যাল ম্যানেজার জানান যে, নিমিউ এন্ড টিসি মূলত: দেশের সরকারি হাসপাতালসমূহের মেডিকেল যন্ত্রপাতি মেরামত, রক্ষণাবেক্ষণ ও চালুকরণ,	ক) নিমিউ এন্ড টিসি-র যন্ত্রপাতি মেরামত ও ক্রয়ের ক্ষেত্রে সিএমএসডি'র আদলে কমিটি গঠন করতে হবে। কমিটি যন্ত্রপাতি মেরামত ও ক্রয়ের পূর্বে মেশিন নষ্ট	প্রশাসন অনুবিভাগ/ নিমিউ এন্ড টিসি

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	চাহিদা অনুযায়ী মেডিকেল যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন তৈরি, মেডিকেল যন্ত্রপাতি ক্রয় সংক্রান্ত দরপ্রস্তাবের কারিগরি মূল্যায়ন এবং অনুরূপ কাজে কেন্দ্রীয় ঔষধাগার ও হাসপাতাল কর্তৃপক্ষকে সহায়তা প্রদান, ক্রয়কৃত/আমদানীকৃত মেডিকেল যন্ত্রপাতির সার্ভে ও গুণগতমান নিশ্চিতকরণ, মেডিকেল যন্ত্রপাতি সুষ্ঠুভাবে ব্যবহারের লক্ষ্যে জনবলের প্রশিক্ষণ প্রদান ইত্যাদি কাজ সম্পাদন করে থাকে। এছাড়া, নিমিউ এন্ড টিসি হাসপাতালের সেন্ট্রাল অক্সিজেনের জন্য পাইপলাইন স্থাপন ও অক্সিজেন ট্যাংক তৈরি করে। তিনি জানান যে, হাসপাতালের সংখ্যা বৃদ্ধির সাথে সংগতি রেখে জনবল বাড়েনি। তবে, পদসৃষ্টির প্রস্তাব চূড়ান্ত পর্যায়ে রয়েছে। নিমিউ এন্ড টিসি'র জন্য বায়োমেডিকেল ইঞ্জিনিয়ার প্রয়োজন বলে তিনি সভাকে অবহিত করেন। তিনি বলেন যে, ইলেক্ট্রনিকস্ মেশিনগুলো টেন্ডারের মাধ্যমে মেরামত করা হয়। লিনিয়ার এবং এমআরআই মেশিন প্রস্তুতকারকের মাধ্যমে মেরামত করা হয়। এ পর্যায়ে নতুন মেশিন নষ্ট হওয়ার পিছনে কারণ সম্পর্কে সভায় আলোচনা হয়। এক্ষেত্রে হাসপাতাল কর্তৃপক্ষের ইচ্ছাকৃত বা অনিচ্ছাকৃত অবেহলা রয়েছে বলে সভায় মত প্রকাশ করা হয়। যন্ত্রপাতি মেরামত ও ক্রয়ের ক্ষেত্রে এ বিষয়টি খতিয়ে দেখা প্রয়োজন বলে সভায় গুরুত্বারোপ করা হয়। সভাপতি নিমিউ এন্ড টিসি-তে এ সংক্রান্ত কমিটি গঠন করার জন্য নির্দেশনা প্রদান করেন। সিএমএসডি'র আদলে কমিটি গঠনের বিষয়ে সভায় একমত প্রকাশ করা হয়। সে কমিটি যন্ত্রপাতি মেরামত ও ক্রয়ের পূর্বে মেশিন নষ্ট হওয়ার কারণ খতিয়ে দেখবে এবং প্রয়োজনে কর্তৃপক্ষের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করবে। এছাড়া, মূল্য, বাজার দর ইত্যাদি যাচাই করবে। কমিটির সদস্য হিসেবে অন্তর্ভুক্ত থাকবেন স্বাস্থ্য অধিদপ্তর, সিএমএসডি, ঔষধ প্রশাসন অধিদপ্তর, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মকর্তাগণ। সভাপতি নিমিউ এন্ড টিসি'র প্রধানের পদ যুগ্মসচির সমমর্যাদায় উন্নীতকরণ এবং বায়োমেকানিক্যাল ইঞ্জিনিয়ারের নতুন পদ সৃজনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন)-কে নির্দেশনা প্রদান করেন।	হওয়ার কারণ খতিয়ে দেখবে এবং প্রয়োজনে কর্তৃপক্ষের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করবে। এছাড়া কমিটি যন্ত্রপাতির মূল্য, বাজার দর ইত্যাদি যাচাই করবে। কমিটির সদস্য হিসেবে অন্তর্ভুক্ত থাকবেন স্বাস্থ্য অধিদপ্তর, সিএমএসডি, ঔষধ প্রশাসন অধিদপ্তর ও স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মকর্তাগণ। খ) নিমিউ এন্ড টিসি'র প্রধানের পদ যুগ্মসচির সমমর্যাদায় উন্নীত করার কার্যক্রম গ্রহণ করতে হবে। গ) বায়োমেকানিক্যাল ইঞ্জিনিয়ারের নতুন পদ সৃজনের কার্যক্রম গ্রহণ করতে হবে।	
৩.১৩	**টেমো:** টেমো-এর কার্যক্রম সম্পর্কে জানতে চাওয়া হলে ওয়ার্কশপ ম্যানেজার জানান যে, টেমো স্বাস্থ্য প্রতিষ্ঠানের যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষণ, যানবাহন মেরামত সংক্রান্ত অনাপত্তি প্রদান, নতুন গাড়ি ক্রয়ের ক্ষেত্রে স্টান্ডার্ড স্পেসিফিকেশন তৈরি, গাড়ি ক্রয়ে সহায়তা এবং গাড়ি চালানোর প্রশিক্ষণ প্রদান করে থাকে। সভাপতি টেমোকে নতুন করে ঢেলে সাজাতে নির্দেশনা প্রদান করেন। তিনি টেমোর প্রধানের পদ উপসচিব সমমর্যাদায় উন্নীতকরণ করতে বলেন। এছাড়া, টেমোতে ওয়ার্কশপ ম্যানেজার সমমর্যাদার তিনটি পদ এবং সর্বাধুনিক মডেলের গাড়ি মেরামতের	ক) টেমোকে নতুন করে ঢেলে সাজাতে হবে। খ) টেমোর প্রধানের পদ উপসচিব সমমর্যাদার এবং ওয়ার্কশপ ম্যানেজর সমমর্যাদার তিনটি পদ সৃজনের কার্যক্রম গ্রহণ করতে হবে। গ) সর্বাধুনিক মডেলের গাড়ি মেরামতের যোগ্যতাসম্পন্ন ইলেট্রনিকস্ মেকানিক এবং টেকনিক্যাল পদ সৃষ্টির কার্যক্রম	যুগ্মসচিব প্রশাসন/ টেমো

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	যোগ্যতাসম্পন্ন ইলেট্রনিকস্ মেকানিকের উচ্চতর পদসহ টেকনিক্যাল পদ সৃজনের মাধ্যমে টেমোর কাঠামো ও কর্মপরিধি বৃদ্ধি করতে যুগ্ম সচিব (প্রশাসন)-কে নির্দেশ দেন।	গ্রহণ করতে হবে।	
৩.১৪	**বিবিধ:** সভাপতি সমন্বয় সভায় বিনা ব্যর্থতায় দপ্তর/সংস্থার প্রধানকে উপস্থিত থাকার নির্দেশনা দেন। সভায় কোন প্রতিনিধি অংশ নিতে পারবেন না। অধিদপ্তর/দপ্তর/সংস্থা প্রধানগণ সমন্বয় সভার তারিখ দেখে বিভিন্ন স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান পরিদর্শনের সময় নির্ধারণ করবেন। কেবলমাত্র দপ্তর প্রধান অসুস্থ থাকলে প্রতিনিধি সভায় উপস্থিত থাকতে পারেন।	ক) অধিদপ্তর/দপ্তর/সংস্থা প্রধানদের নিয়ে অনুষ্ঠিতব্য সমন্বয় সভায় প্রতিনিধির পরিবর্তে অধিদপ্তর/ দপ্তর/সংস্থার প্রধানগণ বিনা ব্যর্থতায় উপস্থিত থাকবেন। খ) অধিদপ্তর/দপ্তর/সংস্থা প্রধানগণ সমন্বয় সভার তারিখ দেখে স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান পরিদর্শনের সময় নির্ধারণ করবেন।	অধিদপ্তর/দপ্তর/সংস্থা

৪. সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২.১১.২০২০
(মো. আবদুল মান্নান)
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।